



বাংলাদেশসহ ৯ দেশে ভিসা নিষেধাজ্ঞা জারি করলো সংযুক্ত আরব আমিরাত



সংগৃহীত ছবি

২০২৬ সালের জানুয়ারি থেকে বাংলাদেশসহ ৯ দেশের নাগরিক সংযুক্ত আরব আমিরাতে নতুন ভিসার জন্য আবেদন করতে পারবে না। নিষেধাজ্ঞার আওতায় থাকা ব্যক্তির পরবর্তী নির্দেশ না আসা পর্যন্ত ভ্রমণ, কাজ বা ব্যবসায়িক উদ্দেশ্যে ভিসা পাবেন না।

সংযুক্ত আরব আমিরাতের অভিবাসন বিভাগের নতুন বিজ্ঞপ্তি অনুযায়ী, আফগানিস্তান, লিবিয়া, ইয়েমেন, সোমালিয়া, লেবানন, বাংলাদেশ, ক্যামেরুন, সুদান এবং উগান্ডা এই নিষেধাজ্ঞার আওতায় রয়েছে।

সরকারি পক্ষ থেকে এই সিদ্ধান্তের আনুষ্ঠানিক কারণ এখনও জানানো হয়নি। তবে অনুমান করা হচ্ছে, এর পেছনে মূল কারণ হতে পারে সন্ত্রাসবাদ ও বেআইনি কর্মকাণ্ড থেকে দেশকে সুরক্ষিত রাখা, উপসাগরীয় অঞ্চলের সঙ্গে কূটনৈতিক টানাপোড়েন এবং কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণ।

উল্লেখযোগ্য, যারা ইতিমধ্যেই বৈধ ভিসা নিয়ে সংযুক্ত আরব আমিরাতে বসবাস করছেন, তারা এই নিষেধাজ্ঞার আওতায় পড়বেন না।